

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক দাখিলকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ পর্যালোচনার লক্ষ্যে উদ্ভাবন কমিটির সদস্যগণের
অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব শামীম আল মামুন
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন অফিসার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সভার সূচি : ১৪ সেপ্টেম্বর ২০২০
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সকাল ১১:৩০ টায়।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত ২৬ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। গত ২৬ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ ইনোভেশন টিম কর্তৃক বাস্তবায়িত হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অতঃপর বর্তমান অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের সম্ভাব্যতা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান উন্নীতকরণ এবং সেবা সহজিকরণের লক্ষ্যে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ বাছাই বিষয়ে আলোচনা।	অধিদপ্তরের ২৮ জন কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত ৩৩ (তেরিশ) টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা থেকে ক. ওজন বন্ধু খ. অভিযোগ বক্স স্থাপন এই দুইটি উদ্ভাবনী ধারণা নির্বাচন করা হয়।	১. জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার উপপরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয়। ২. জনাব মুহাম্মদ হাসানুজ্জামান, সহকারী পরিচালক, চট্টগ্রাম জেলা কার্যালয়।
২.	অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত বিভিন্ন কর্মসম্পাদন সূচক, লক্ষ্যমাত্রা বাস্তবায়ন বিষয়ে আলোচনা।	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী এক দিনের কর্মশালা/সেমিনার অনুষ্ঠিত হওয়ার বিষয়ে আলোচনা করা হয়।	সকল সদস্য, ইনোভেশন টিম
৩.	উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ বাছাই পরবর্তী পদক্ষেপের বিষয়ে আলোচনা।	বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে কর্মপরিকল্পনার তারিখ মোতাবেক মন্ত্রণালয়কে অবহিতকরণ এবং তথ্য বাতায়নে প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়।	সকল সদস্য, ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(শামীম আল মামুন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ০২-৮১৮৯০৪৫


ইমেইল: dir-admin@dncrp.gov.bd

তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২০

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১০.০৫.০১৪.২০.৬৭৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রশাসন-১)।
- ২। উপপরিচালক (সকল), প্রধান/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৩। সহকারী পরিচালক (সকল), প্রধান/বিভাগীয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। অফিস কপি।



(শামীম আল মামুন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)